

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

অফিস আদেশ

গত ২৮.১১.২০১৬ তারিখে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে লোকসান বহনকারী শাখাসমূহকে লাভজনক শাখায় উন্নীত করণের নিমিত্ত ব্যবস্থাপনা কর্তৃপক্ষের গৃহিত ১২০দিনের কর্মপরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ে কর্মরত সহকারী মহাব্যবস্থাপকদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংযুক্ত তালিকায় বর্ণিত কর্মকর্তাদের নামের পাশে উল্লেখিত শাখাসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীত করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

০২। উল্লেখিত নির্দেশনা মোতাবেক স্ব স্ব নামের পাশে বর্ণিত শাখাসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে সকল ধরনের কলা-কৌশল অবলম্বন করার জন্য সংশ্লিষ্ট সকল সহকারী মহাব্যবস্থাপকগণকে নির্দেশ প্রদান করা হলো। সকল সহকারী মহাব্যবস্থাপকদের কার্যপরিধি (TOR) এতদসঙ্গে পৃথকশীটে সংযুক্ত করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে

সংশ্লিষ্ট সকল সহকারী মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষরিত
(এ,আর,মামুন)
উপমহাব্যবস্থাপক

.....
অভ্যুপদ্র নং-প্রকা/শানিবিউবি-১৬(১)লোকসানী শাখা/২০১৬-২০১৭/৬১৭(২৭০) তারিখ : ৩০.১১.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/ উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। ব্যবস্থাপক সকল লোকসান বহনকারী শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(মোঃ শাহজাহান আলী সিরাজী)
সহকারী মহাব্যবস্থাপক

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বিষয় : ৩০-০৬-২০১৬ তারিখ ডিভিক লোকসানী শাখার অঞ্চলওয়ারী তালিকা

ক্রঃ নং	অঞ্চলের নাম	শাখার নাম	লোকসানের পরিমাণ	দায়িত্ব প্রাপ্ত সহকারী মহাব্যবস্থাপকগণের নাম
০১	বরিশাল	পাতারহাট	৬৬.৬৮	জনাব মোহাম্মদ আলী আইসিটি সিস্টেম বিভাগ
০২		হিজলা	১৬.৭৭	ঐ
০৩		রায়পাশা	৫৫.৯১	ঐ
০৪		মৌলভীরহাট	৩৮.৮৮	ঐ
০৫		বানারীপাড়া	১৯.৩৮	ঐ
০৬		বাইশাড়া	১২.৬১	ঐ
০৭		ছয়গ্রাম বাজার	১৫.৭৪	ঐ
০৮		লেংগুটিয়া	৩৮.০৪	ঐ
০১	পিরোজপুর	ইন্দুরকানি ডিফেন্স	১৭.৪৫	জনাব মোহাম্মদ আলী আইসিটি সিস্টেম বিভাগ
০২		চিলতলা বাজার	৪.৬৯	ঐ
০৩		দুর্গাপুর	৩.৯৬	ঐ
০৪		শংকরপাশা	৫.৬৪	ঐ

৭২

সহকারী মহাব্যবস্থাপকদের কার্যপরিধি (TOR) :

লোকসানী শাখাসমূহের আয়বৃদ্ধির লক্ষ্যে নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

- (০১) ৩১.১২.২০১৬ তারিখের মধ্যে শাখার মোট শ্রেণীযোগ্য ঋণ -১ এর ১০০% আদায় করতে হবে। ৩১.০৩.২০১৭ এর মধ্যে শ্রেণীযোগ্য ঋণ-২ এর ৭৫% আদায় করতে হবে।
- (০২) শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। শ্রেণীকৃত ঋণের হার ১৫% এ নামিয়ে আনতে হবে।
- (০৩) যে সকল পুনঃতফসিলকৃত ঋণ আদায় না হলে ৩০.০৬.২০১৭ সূত্র তারিখে শ্রেণীকৃত হয়ে যাবে, সে সকল পুনঃতফসিলকৃত ঋণ ১০০% আদায় করতে হবে।
- (০৪) ৫২-ডেফার্ড ক্রেডিট টু ইনকাম খাতে জুন, ২০১৬ স্থিতির ৬০% আদায় করতে হবে।
- (০৫) অবলোপনকৃত ঋণ আদায়ে জুন, ২০১৬ স্থিতির ৪০% আদায় করতে হবে।
- (০৬) আটকে পড়া শীর্ষ ৫০টি ঋণ চলতি অর্থ বছরের মধ্যে আদায় করতে হবে।
- (০৭) অশ্রেণীকৃত ঋণ প্রি-ম্যাচিউরড আদায় না করে নির্ধারিত সময়ের মধ্যে আদায়ের মাধ্যমে সুদ আয় বৃদ্ধি করতে হবে।
- (০৮) মেয়াদি আমানত, ডিপিএস, এসপিএস প্রভৃতির বিপরিতে অধিক পরিমাণ ঋণ বিতরণ করতে হবে।
- (০৯) সময় ক্ষেপন না করে প্রকৃত কৃষক/উদ্যোক্তা নির্বাচন পূর্বক দ্রুত নতুন ঋণ বিতরণ করতে হবে। প্রতিটি খাতের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।
- (১০) নবায়নযোগ্য ঋণ সমূহ দ্রুত নবায়ন পূর্বক ঋণ বিতরণ করতে হবে।
- (১১) জেনারেল ব্যাংকিং সুবিধা সম্প্রসারণ (ফি ও কমিশন খাত) অন্যান্য আয় বৃদ্ধি করতে হবে।
- (১২) লোকসানকৃত এডি শাখাগুলোতে বৈদেশিক বিনিময় ব্যবসা/ননফান্ডেড ব্যবসা বৃদ্ধির মাধ্যমে আয় বৃদ্ধি করতে হবে।

লোকসানী শাখাসমূহের ব্যয়-হ্রাসের লক্ষ্যে নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

- (০১) কমসুদবাহী অথবা সুদবিহীন আমানত অধিক পরিমাণ সংগ্রহ করতে হবে। এলক্ষ্যে স্বল্প সুদে/বিনাসুদে অধিক পরিমাণে সরকারি ফান্ড সংগ্রহ করতে হবে।
- (০২) আমানত মিশ্রণ এ গুণগত পরিবর্তন এনে আমানতের সুদ ব্যয়-হ্রাসসহ স্থিতিশীল আমানত ভিত্তি গড়ে তুলতে হবে।
- (০৩) নিয়ন্ত্রণ ব্যয়সমূহ বাজেটের মধ্যে রাখতে হবে এবং কৃচ্ছতা সাধনের মাধ্যমে প্রশাসনিক ব্যয় পর্যায়ক্রমে কমিয়ে ব্যয় খাতকে বৌদ্ধিক পর্যায়ে আনতে হবে।

সহকারী-মহাব্যবস্থাপকগণ সংশ্লিষ্ট শাখায় অফ-সাইট সুপারভাইজিং মাধ্যমে নিয়মিত মনিটরিংপূর্বক উপরোক্ত কার্যাবলী যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন যাতে লোকসানী শাখাগুলোকে লাভজনক পর্যায়ে উন্নীত করা যায়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংশ্লিষ্ট সদস্যদের পারফরমেন্স মাসিক ভিত্তিতে মূল্যায়ন করবেন।